

ফাজিল-কামিল মাদ্রাসার দায়িত্বে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়

■ সমকাল প্রতিবেদক
দেশের স্নাতক (ফাজিল) ও স্নাতকোত্তর (কামিল) মাদ্রাসাগুলোর অধিভুক্তি, পাঠ পরিচালনা, পরীক্ষা গ্রহণ, পরিদর্শন, কোর্স অনুমোদনসহ সকল শিক্ষা কার্যক্রম নিয়ন্ত্রণের দায়িত্ব দেওয়া হয়েছে সদ্য প্রতিষ্ঠিত 'বাংলাদেশ ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়' কে। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের বিশ্ববিদ্যালয় শাখা-২ থেকে এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়। এর আগে ফাজিল ও কামিল মাদ্রাসাগুলোর নিয়ন্ত্রণ কুষ্টিয়ার অবস্থিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল। গতকালের প্রজ্ঞাপনের মাধ্যমে ফাজিল ও কামিলের সকল কার্যক্রম আরবি বিশ্ববিদ্যালয়ের কাছে হস্তান্তর করা হয়। এ প্রজ্ঞাপনের মাধ্যমে নতুন প্রতিষ্ঠিত সরকারি আরবি বিশ্ববিদ্যালয়টি একাডেমিক ও প্রশাসনিক সব কার্যক্রম শুরু করতে পারবে।
প্রজ্ঞাপনে জানানো হয়, কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল পাস ও স্নাতক সম্মান এবং কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসার ভর্তি, পরীক্ষা গ্রহণ-সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এখন থেকে আরবি বিশ্ববিদ্যালয়ের হাতে ন্যস্ত করা হয়েছে। এখন থেকে এই

বিশ্ববিদ্যালয় সকল কার্যক্রম পরিচালনা করবে। ফলে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ফাজিল, কামিলের ভর্তি ও পরীক্ষা আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে হবে। গত ২৩ আগস্ট ধানমন্ডির অস্থায়ী কার্যালয়ে এ বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক কার্যক্রম উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।
দেশে বর্তমানে কামিল মাদ্রাসা ২০৫টি, ফাজিল (সম্মান) ৩১টি, ফাজিল (অনার্স/পাস) মাদ্রাসা ১ হাজার ৪৯টি এবং তিনটি সরকারি মাদ্রাসা রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ৯৮ হাজার ৩১ জন। শিক্ষক রয়েছেন ২২ হাজার ৯২১ জন।